



উচ্চ মাধ্যমিক ভবন
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া



বিজ্ঞপ্তি

তারিখ : ২৭ আশ্বিন ১৪২৭
১২ অক্টোবর ২০২০

এতদ্বারা সরকারি আজিজুল হক কলেজ, বগুড়ার ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির উপবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, উপবৃত্তির টাকা প্রাপ্তির লক্ষ্যে তাদের অনলাইন ব্যাংক একাউন্ট অথবা মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর (বিকাশ, রকেট, নগদ, শিওরক্যাশ ইত্যাদি) প্রয়োজন। এমতাবস্থায়, শিক্ষার্থীদের উক্ত একাউন্ট নম্বর আগামী ২০/১০/২০২০ ইং তারিখ মঙ্গলবারের মধ্যে কলেজের উচ্চ মাধ্যমিক ভবনের অফিসে জমাদানের জন্য বলা হলো। উল্লেখ্য যে, উক্ত তারিখের মধ্যে একাউন্ট নম্বর জমা না দেয়ার কারণে উপবৃত্তির অর্থ প্রাপ্তি সংক্রান্ত কোন জটিলতা হলে তার দায়ভার কলেজ কর্তৃপক্ষ বহন করবে না।

একাউন্ট খোলার নির্দেশাবলি :

- ১। অনলাইন ব্যাংক একাউন্টটি ১৩ থেকে ১৭ ডিজিট হবে। উক্ত একাউন্টটি শিক্ষার্থী/শিক্ষার্থী ও অভিভাবকের যৌথ নামে হতে হবে।
- ২। শিক্ষার্থীদের পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্টটি খুলতে হবে।
- ৩। পিতা/মাতার নামে জাতীয় পরিচয়পত্র দিয়ে কোন বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা থাকলে উক্ত একাউন্টটি শিক্ষার্থীর উপবৃত্তি প্রাপ্তির জন্য ব্যবহার করা যাবে। তবে একাউন্টধারীর নাম হিসেবে শিক্ষার্থীর নাম লিখতে হবে।
- ৪। একই পিতা/মাতার একাধিক সম্মান উপবৃত্তির যোগ্য হলে দুটি পৃথক একাউন্ট খুলতে হবে।

কলেজে যা যা জমা দিতে হবে:

- ১। ব্যাংক/মোবাইল অ্যাকাউন্ট নম্বর
- ২। পিতা বা মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যেটা দিয়ে ব্যাংক/মোবাইল অ্যাকাউন্ট খোলা হয়েছে)।
- ৩। শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি।

১২.১০.২০২০

ভারপ্রাপ্ত কর্মকর্তা

উচ্চ মাধ্যমিক ভবন

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

সুব্রত কুমার সাহা (০১২০৪৩)

সহযোগী অধ্যাপক, ইংরেজি ও ভারপ্রাপ্ত কর্মকর্তা

উচ্চ মাধ্যমিক ভবন

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।